

জন্ম নেওয়া মাত্রই মিলবে জাতীয় পরিচয়পত্র

- A Monitor Desk Report

Date: 29 October, 2021



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Government of the People's Republic of Bangladesh

NATIONAL ID CARD / জাতীয় পরিচয় পত্র

নামঃ

Name :

পিতাঃ

মাতাঃ

Date of Birth:

ID NO:



Signature

১৮ বছর বয়স নয়, শূন্য বয়স থেকে (জন্ম মাত্রই) দেশের নাগরিকদের জাতীয় পরিচয়পত্র (এনআইডি) দেওয়ার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে দায়িত্ব দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল সচিবালয়ে গণমাধ্যম কেন্দ্রে বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম (বিএসআরএফ) আয়োজিত 'বিএসআরএফ সংলাপে' এ তথ্য জানান।

মন্ত্রী বলেন, নির্বাচন কমিশন ১৮ বছরের পর থেকে নাগরিকদের এনআইডি দিত। প্রধানমন্ত্রী শেখ হাসিনা শূন্য বয়স থেকে (জন্মের পর) এনআইডি চালু করতে পরিকল্পনা গ্রহণ করেছেন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে সে দায়িত্বও দিয়েছেন। তবে এনআইডি সেবা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে আসার ব্যাপারে কিছু আইনি জটিলতা আছে। সেটা দেখার জন্য আইন মন্ত্রণালয়ে ফাইল পাঠানো হয়েছে। আইন মন্ত্রণালয় আইনগত দিক যাচাই-বাছাই করে দেখছে।

তিনি বলেন, আমাদের পরিকল্পনা চলছে, কীভাবে সুষ্ঠুভাবে এটাকে এগিয়ে নিয়ে যাব। হয়ত আরো কিছু দিন সময় লাগবে।